



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

প্রধান কার্যালয়, ঢাকা।

বাড়ী নং-০৫, এভিনিউ - ০৩ (হাজী রোড), র পনগর, মিরপুর-০২, ঢাকা-১২১৬



মাঠ পরিচালন বিভাগ

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১২.৯৯.০৩৬.০২- ৪৭৪

তারিখঃ ২৩/০১/২০১৯ খ্রি:

যুগ্ম পরিচালক/উপ পরিচালক
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন
উপ পরিচালকের কার্যালয়
..... অঞ্চল।

বিষয় : চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদানের একটি মানবিক আবেদন।

শ্রীঃ হাজী মোঃ জাফরুল ইসলাম

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ অঞ্চলাধীন বাজিতপুর কার্যালয়ে কর্মরত সহকারী হিসাব কর্মকর্তা, জনাব মোঃ জাফরুল ইসলাম (# ০৪৩৪৭) এর ছোট মেয়ের চোখে সমস্যা দেখা দেয়ার কারণে জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকায় চিকিৎসকের শরণাপন্ন হলে চোখের ক্যানসার সনাক্ত হয় এবং চিকিৎসকের পরামর্শক্রমে অপারেশন করে একটি চোখ ফেলে দেয়া হয়। পরবর্তীতে অন্য চোখটির সমস্যা দেখা দেয়ায় পরীক্ষা নিরীক্ষা করা হলে অপর চোখটিতেও ক্যানসার ধরা পড়ে এবং ডাক্তারের পরামর্শক্রমে আহসানিয়া মিশন ক্যানসার হাসপাতালে ভর্তি করে ক্যামো থেরাপী দেয়া হচ্ছে। ডাক্তার জরুরী ভিত্তিতে উন্নত চিকিৎসার জন্য ভারত নেয়ার জন্য পরামর্শ দিয়েছেন। ইতোমধ্যেই চোখের অপারেশন ও থেরাপীসহ যাবতীয় চিকিৎসা বাবদ অনেক টাকা খরচ হয়েছে। তাঁর মেয়ের চোখের উন্নত চিকিৎসার জন্য ভারতে নিতে হলে কয়েক লক্ষ টাকার প্রয়োজন এবং এত টাকা খরচ করার মত সামর্থ্য তাঁর পরিবারের নেই। তাঁর মেয়ের একটি চোখের উন্নত চিকিৎসার জন্য তিনি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মাধ্যমে পিডিবিএফ এর সকল সহকর্মীগণের নিকট চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন জানিয়েছেন। তাই আসুন আমরা পিডিবিএফ এর সকল সহকর্মীগণ মানবিক দিক বিবেচনা করে আমাদেরই একজন সহকর্মীর ছোট্ট একটি শিশুর একটি মাত্র চোখের আলো ফিরিয়ে দিতে সর্বাত্মক সহযোগিতার হাত বাড়িয়ে দেই। যাতে করে জনাব মোঃ জাফরুল ইসলাম এর ছোট্ট মেয়েটির এক মাত্র চোখ দিয়ে পৃথিবীর আলো দেখতে পারে।

এমতাবস্থায়, মানবিক কারণে আপনার অঞ্চল থেকে যতদূর সম্ভব আর্থিক সাহায্য প্রেরণের জন্য বিশেষভাবে মানবিক আবেদন জানানো হলো।

সাহায্য পাঠাবার ঠিকানাঃ

মোঃ জাফরুল ইসলাম

সহকারী হিসাব কর্মকর্তা

সঞ্চয়ী হিসাব নং ৩৪০২০০২১২৯৪৩২

সোনালী ব্যাংক, বাজিতপুর শাখা, কিশোরগঞ্জ।

অথবা বিকাশ নম্বর- ০১৭১৭-৪৮৩৪৪৯

শ্রীঃ হাজী মোঃ জাফরুল ইসলাম
২৩/০১/১৯
(মোঃ আমিনুল হক)

ভারপ্রাপ্ত পরিচালক
মাঠ পরিচালন বিভাগ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে :-

- ০১। পরিচালক, অর্থ / মানব সম্পদ ও উন্নয়ন, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক, সৌরশক্তি প্রকল্প, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত পরিচালক/ যুগ্ম পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। দলনেতা, আঞ্চলিক অডিট টিম(সকল), পিডিবিএফ, অঞ্চল।
- ০৫। উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, পিডিবিএফ, কার্যালয়, অঞ্চল।
- ০৬। এক্সিকিউটিভ সেক্রেটারী, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। সংশ্লিষ্ট/মহানথি।